৫০০৮০


# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট


সার্কুলার নং-ডিএমডি-০১/২০১৫ তারিখ-০১/০২/২০১৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
ও
মহাপরিচালক
জিপিও, ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**১০/- ও ৫০/- টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডের সকল কার্যক্রম বন্ধকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপণের সূত্রে ১০/- (দশ) ও ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের বাংলাদেশ প্রাইজবন্ডের বিক্রয়/বিনিময়/লেনদেন সংক্রান্ত সকল কার্যক্রম ৩১/০১/২০১৫ তারিখ হতে চূড়ান্তভাবে বন্ধকরণসহ অচল ঘোষণা করা হয়েছে।

০২। ৩১ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ এর পূর্বে অর্থাৎ ৩০ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে নগদায়নকৃত/বিনিময়কৃত ১০/- (দশ) ও ৫০/- (পঞ্চাশ) টাকার প্রাইজবন্ডগুলো তফসিলি ব্যাংক/জিপিও এর নিকট হতে আগামী ২৬/০২/২০১৫ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক বা তার শাখাসমূহ গ্রহণ করবে এবং আগামী ৩১/০৩/২০১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক/জিপিও-কে তাদের নগদায়ন /বিনিময়কৃত ১০/- (দশ) ও ৫০/- (পঞ্চাশ) টাকার প্রাইজবন্ডের বিনিময়মূল্য বাংলাদেশ ব্যাংক প্রচলিত নিয়মে পরিশোধ করবে।

বিষয়টি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

আপনাদের বিশ্বস্ত,

(বিষ্ণু পদ সাহা)
মহাব্যবস্থাপক
ফোন নং-৯৫৩০১৩১